

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যাট রোড, ইন্ডাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
প্রশাসন অধিশাখা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)


নং-৪৯.০০.০০০০.০১৫.৩৩.০০৩.১৭.১৪২৭

তারিখ: ১০ ডিসেম্বর ২০১৭

**বিষয়:** প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের গত ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০৩ (তিনি) পাতা।

  
(মোহাম্মদ শাহেন) ১০/১২/১৭  
সদস্য-সচিব, ইনোভেশন টিম ও  
উপসচিব (মিশন-২)  
ফোন: ৮৯৩৫৭১০৮  
ইমেইল: [shaheen.moni@gmail.com](mailto:shaheen.moni@gmail.com)

বিতরন: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১ অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (বাজেট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২ যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩ যুগ্মসচিব/উপসচিব (মিশন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪ উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫ উপপ্রধান (পরিকল্পনা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় জ্ঞাতার্থে:

- ০১ সচিব (সমষ্টি ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[দ্রষ্টা: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]।
- ০২ মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এ টু আই কর্মসূচি, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩ মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যৱো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৪ ব্যবস্থাপনা পরিচালক, বৌয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৫ মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৬ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৭ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮ সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯ সিনিয়র সহকারী সচিব (সমষ্টি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১০ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা  
(ওয়েব সাইটে প্রকাশ করা সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগনের ই-মেইলে প্রেরণ করার অনুরোধসহ)।
- ১১ অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১২ অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
 প্রবাসী কল্যাণ ভবন  
 ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা  
 মিশন-২ অধিশাখা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ৭ ডিসেম্বর ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

০১। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ -তে দেখানো হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি এটুআই কর্মসূচি এবং মন্ত্রিপরিষদ বিভাগের আয়োজনে আগামী ২১ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য উন্নাবনী কার্যবলীর অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার বিষয়ে আলোকপাত করেন। এ সভার প্রস্তুতি গ্রহণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে দ্রুততম সময়ে প্রতিবেদন প্রেরণের ওপর তিনি গুরুত্ব আরোপ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুসারে আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য তিনি ইনোভেশন টিমের সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব এ বছরের কর্মপরিকল্পনার আলোকে কার্যপত্র অনুসারে সার্বিক বিষয় উপস্থাপন করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়  | আলোচনা   | সিদ্ধান্ত/সুপারিশ  |
|--------|---|--|--|
| ৩.১    | অভিবাসন প্রবন্ধ আরও ৬টি জেলায় স্মার্ট কার্ড/বহির্গমন ছাড়পত্র বিকেন্দ্রীকরণ                                | বিএমইটি প্রতিনিধি সভায় জানান যে, আরও ৬টি জেলায় স্মার্ট কার্ড/বহির্গমন ছাড়পত্র প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ও প্রস্তুতি চলমান রয়েছে। অনুষ্ঠানিক উদ্বোধনের মাধ্যমে পর্যায়ক্রমে এ সেবাটি বিকেন্দ্রীকরণ করা হবে। এছাড়া, মাঠ পর্যায়ে চলমান এ কার্যক্রমটির সুষ্ঠু বাস্তবায়ন এবং যথাযথ মনিটরিংয়ের নিমিত্ত একটি গাইডলাইন প্রণয়নের বিষয়ে সভায় পুণরায় অভিমত ব্যক্ত করা হয়। প্রসঙ্গতঃ উত্তরবঙ্গের অধিক অভিবাসন প্রবন্ধ চাঁপাইনবাবগঞ্জ জেলায়ও সেবাটি বিকেন্দ্রীকরণের বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়। বিষয়টি পর্যালোচনা করে বিএমইটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে। | ১। আরও ৬টি জেলায় স্মার্ট কার্ড বিকেন্দ্রীকরণের কার্যক্রমটি দ্রুত সম্পন্ন করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।<br>২। উত্তরবঙ্গের অধিক অভিবাসন প্রবন্ধ চাঁপাইনবাবগঞ্জ জেলায়ও সেবাটি বিকেন্দ্রীকরণের বিষয়ে বিএমইটি পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।<br>৩। মাঠ পর্যায়ে চলমান এ কার্যক্রমটির সুষ্ঠু বাস্তবায়ন এবং যথাযথ মনিটরিংয়ের নিমিত্ত একটি গাইডলাইন প্রণয়নের বিষয়ে বিএমইটি-কে অনুরোধ করা হয়। |
| ৩.২    | অধিক সংখ্যক প্রবাসী বাংলাদেশী অধ্যুষিত আরও ৫টি দেশের country specific guideline বিএমইটি'র ওয়েবসাইটে প্রকাশ | বিএমইটি প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ২০টি দেশের country specific guideline প্রদানের লক্ষ্যে আইএলও, আইওএম ও ইউএন ওমেন content প্রস্তুতের কাজ করছে। বৈদেশিক কর্মসংস্থানের উদ্দেশ্যে country specific guideline এর content এর মান উন্নয়নের বিষয়ে সভায় পুনরায় অভিমত ব্যক্ত   | বৈদেশিক কর্মসংস্থানের উদ্দেশ্যে মানসম্পন্ন country specific guideline প্রস্তুত ও তা ওয়েবসাইটে প্রদানের কার্যক্রমটি পর্যায়ক্রমে ও সৃষ্টুভাবে বাস্তবায়নের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।   |

চলমান পাতা-২

|     |   | করা হয়।  |   |
|-----|---|---|---|
| ৩.৩ | সৌদি আরবে প্রবাসী তথ্য সেবা কেন্দ্র বা Expatriates' Digital Centre (ইডিসি) স্থাপন   | <p>সৌদি আরবে প্রবাসী তথ্য সেবা কেন্দ্র বা Expatriates' Digital Centre (ইডিসি) স্থাপন প্রসংগে যুগ্ম-সচিব (বাজেট ও সেবা) বলেন যে, ইডিসি কার্যক্রম গ্রহণের সময় লক্ষ্য রাখা প্রয়োজন, যেন দুবাই ও মাস্কাটের হেল্প লাইনের সাথে এ প্রক্রিয়াটির দ্বৈততা না হয় এবং এ ধরনের ক্ষেত্রে অনুরূপ অন্যান্য কার্যক্রমের সাথে সমন্বয় করা প্রয়োজন বলেও তিনি অভিমত ব্যক্ত করেন।</p> <p>এটুআই কর্মসূচি কর্তৃক সৌদি আরবে ইডিসি কার্যক্রম পরিদর্শনের সময় এ মন্ত্রণালয়ের প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করার জন্য সভায় বিএমইটি'র সংশ্লিষ্ট প্রতিনিধির মাধ্যমে পুনরায় অনুরোধ জানানো হয়। বিএমইটি প্রতিনিধি এ প্রসংগে সভায় বলেন যে, পরবর্তীতে এ সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভায় বিষয়টি উত্থাপন করা যেতে পারে। তিনি আরও জানান যে, ইতোমধ্যে রিয়াদ ও জেদায় এ কার্যক্রমটি চালু হয়েছে।</p> | <p>১। এটুআই কর্মসূচি কর্তৃক সৌদি আরবে ইডিসি কার্যক্রম পরিদর্শনের সময় এ মন্ত্রণালয়ের প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করার বিষয়ে বিএমইটি'র সংশ্লিষ্ট প্রতিনিধিকে সমন্বয় করার অনুরোধ করা হয়।</p> <p>২। পরবর্তীতে এ সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভার বিষয়ে এ মন্ত্রণালয়কে অবহিতকরণ এবং সমন্বয় করার জন্যেও বিএমইটি প্রতিনিধিকে অনুরোধ করা হয়।</p> |
| ৩.৪ | বহির্গমন ছাড়পত্র ব্যতিত বিদেশে গমনকৃত বাংলাদেশি কর্মী (Migrant) এবং বিদেশে বসবাসরত বাংলাদেশিদের (Diaspora) কল্যাণ বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্তির জন্য সফটওয়ার তৈরী করা | <p>বহির্গমন ছাড়পত্র ব্যতিত বিদেশে গমনকৃত বাংলাদেশি কর্মী (Migrant) এবং বিদেশে বসবাসরত বাংলাদেশিদের (Diaspora) কল্যাণ বোর্ডের ডাটাবেইজে অন্তর্ভুক্তির বিষয়ে কল্যাণ বোর্ড প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, এ কার্যক্রমে আরও প্রচারণা প্রয়োজন এবং এক্ষেত্রে বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের সহযোগিতা ও অধিকতর তৎপরতা প্রয়োজন। প্রবাসীদের জন্য প্রদত্ত এ সুবিধার যথাযথ ব্যবহার ও এর সফলতার জন্য প্রচারণা ও উদ্বৃক্তকরণের প্রয়োজনীয়তার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p>   | <p>প্রবাসীদের জন্য প্রদত্ত এ সুবিধার যথাযথ ব্যবহার ও এর সফলতার জন্য প্রচারণা ও উদ্বৃক্তকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড-কে অনুরোধ করা হয়।</p>  |
| ৩.৫ | বোয়েসেল-এর দাপ্তরিক কাজসমূহ সহজে করার জন্য HRM সফটওয়ার প্রস্তুতকরণ  | <p>বোয়েসেল প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজসমূহ সহজে করার জন্য HRM সফটওয়ার প্রস্তুতের কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান যে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সহযোগিতায় বোয়েসেলের মাধ্যমে বিদেশ গমনকারী বাংলাদেশি কর্মীদেরকে বিভিন্ন নোটিফিকেশন/স্ট্যাটাস প্রেরণের সুবিধার্থে একটি এ্যাপস্ প্রস্তুত করা হয়েছে। এ্যাপস্টি আগামী ১২ ডিসেম্বর ২০১৭ তারিখে আইসিটি দিবসে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক উদ্বোধন করা হবে বলে আশা করা যাচ্ছে।</p>  | <p>১। এ্যাপস্টি প্রস্তুতের জন্য বোয়েসেল-কে ধন্যবাদ জানানো হয়।</p> <p>২। HRM সফটওয়ার প্রস্তুতের কাজ সুষ্ঠুভাবে এবং নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য বোয়েসেল-কে অনুরোধ করা হয়।</p>  |
| ৩.৬ | অভিবাসন প্রত্যাশী বিদেশগামী কর্মীদের নিকট আরও সহজ প্রক্রিয়ায় অভিবাসন খণ্ড প্রদান করা  | <p>প্রবাসী কল্যাণ ব্যাংক প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, খণ্ডের আবেদন সহজীকরণের ব্যবস্থা করা হয়েছে। অনলাইন ভিসা চেকের সুবিধা আছে এমন দেশসমূহের ক্ষেত্রে ব্যাংকের শাখাসমূহ এক দিনেই খণ্ডের আবেদন প্রক্রিয়া করে প্রধান কার্যালয়ে তা অনুমোদনের জন্য প্রেরণ করতে পারছে। ফলে খণ্ড প্রদান কার্যক্রমটি</p>   | <p>বিদেশগামী কর্মীদের অভিবাসন খণ্ড প্রদান কার্যক্রম সহজীকরণে যথাযথ প্রক্রিয়া অনুসরণের মাধ্যমে দুর্তত্ব সময়ে সেবাটি প্রদানে চলমান প্রয়াস অব্যাহত রাখার জন্য প্রবাসী কল্যাণ ব্যাংক-কে অনুরোধ করা হয়।</p>  |

|     |                           |  |  |
|-----|---------------------------|--|--|
|     |                           | আগের চেয়ে সহজে ও দ্রুতম সময়ে সম্পন্ন করা সম্ভব হচ্ছে।  |  |
| ৩.৭ | অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা | <p>এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অভিযোগ দাখিলের ব্যবস্থা করা হয়েছে। প্রদত্ত এ সুবিধার টেমপ্লেটটির কন্টেন্ট বিষয়ে ইতোমধ্যে একটি পর্যালোচনা সভা হয়েছে এবং সে মোতাবেক তা চূড়ান্ত করা হচ্ছে। আরেকটি পর্যালোচনা সভার মাধ্যমে তা চূড়ান্ত করা যেতে পারে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p> <p>এ কার্যক্রমটির প্রচারণার বিষয়ে বিএমইট কর্তৃক টিটিসি এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসসমূহে পত্র প্রেরণ করায় সভায় বিএমইটি-কে ধন্যবাদ জানানো হয়।</p> | <p>ওয়েবসাইটে প্রদত্ত অনলাইন অভিযোগের টেমপ্লেটটি চূড়ান্ত করার লক্ষ্যে আরেকটি পর্যালোচনা সভা আয়োজনের জন্য এ মন্ত্রণালয়ের সহকারি প্রোগ্রামারকে অনুরোধ করা হয়।</p>  |
| ৩.৮ | বিবিধ                     | <p>বিএমইটি প্রতিনিধি সভায় জানান যে, আগামী ২৬ হতে ৩০ ডিসেম্বর ২০১৭ তারিখে বিকেটিটিসি-তে ৫ দিন ব্যাপি উত্তীর্ণনী কর্মশালা আয়োজন করা হচ্ছে। এ মন্ত্রণালয় ও সংস্থা/দপ্তরসমূহের ইনোভেশন কর্মকর্তা/ ইনোভেশন টিমের সদস্যগণকে এ কর্মশালায় অন্তর্ভুক্ত করার বিষয়ে বিএমইটি প্রতিনিধিকে সভায় অনুরোধ করা হয়।</p> <p>এবারের ডিজিটাল ফেয়ারে অংশগ্রহণের জন্য সভায় বিএমইটি-কে অভিনন্দন জানানো হয়।</p>  | <p>১। ৫ দিন ব্যাপি উত্তীর্ণনী কর্মশালায় এ মন্ত্রণালয় ও সংস্থা/দপ্তরসমূহের ইনোভেশন কর্মকর্তা/ ইনোভেশন টিমের সদস্যগণকে অন্তর্ভুক্ত করার বিষয়ে বিএমইটি-কে অনুরোধ করা হয়।</p> <p>২। এবারের ডিজিটাল ফেয়ারে অংশগ্রহণের জন্য সভায় বিএমইটি-কে অভিনন্দন জানানো হয়।</p> |

আর কোনও আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২০.১২.২০১৭

(মোঃ আমিনুল ইসলাম)  
 সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার  
 অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)  
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়